২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নব নিয়োগ শাখা

নং: সম/নবনি/১-৬/৯০(অংশ-১)-১৫

তারিখ: ৩০শে জানুয়ারী, ১৯৯১ ইং
১৬ই মাঘ, ১৩৯৭ বাংলা

## প্র জ্ঞা প ন

বাংলাদেশ সরকারী কর্মকমিশনকর্তৃক গৃহীত ৯ম বি,সি,এস, পরীক্ষা, ১৯৮৮-৮৯ এর ফলাফলের ভিত্তিতে কমিশনের ১৪-০৬-১৯৯০ ইং / ৩০-০২-১৩৯৭ বাং তারিখের সুপারিশক্রমে ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ১৯ জন প্রার্থীকে তাঁহাদের নামের উপরে বর্ণিত ক্যাডারের সংশ্লিষ্ট পদে ১৯৮৫ সালের সংশোধিত নতুন বেতনক্রমের টাকা ১৬৫০-১০০-২২৫০-ইবি-১১০-৩০২০ এ নিম্নলিখিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হইল :-

(ক) প্রাথমিকভাবে তাহাকে লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন প্রতিষ্ঠানে সরকার নির্ধারিত বিষয়ের উপর অন্যূন ৪ মাসের বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে। প্রয়োজন-বোধে সরকার এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে,

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁহাকে তাঁহার চাকুরীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করিবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে,

(গ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লেখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর যদি শিক্ষানবিসিকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয় তাহা হইলে তাঁহাকে স্থায়ী করা হইবে,

(ঘ) তাঁহাকে দুই বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসিকালে যদি তাঁহাকে চাকুরীতে বহাল রাখা অনুপযোগী বলিয়া বিবেচিত হয় তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকুরী হইতে অপসারণ করা যাইবে,

(ঙ) উপরে (ক) অনুচ্ছেদে উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ তাঁহাকে ৫ টাকা মূল্যের স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে যদি তিনি শিক্ষানবিসিকালে অথবা শিক্ষানবিসিকাল উত্তীর্ণ হওয়ার ৩ বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাঁহাকে বেতন, আনুতোষিক হিসাবে প্রদত্ত ও তাঁহার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরৎ দিতে বাধ্য থাকিবেন,

(চ) যদি তিনি তাঁহার ইস্তফা সরকারকর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরৎ না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেংগল এ্যাক্ট নং ৩)-এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে,

চলমান - ২

২৩৮



(ছ) তাঁহার জ্যেষ্ঠতা সরকারী বিধি মোতাবেক নির্ধারিত হইবে,

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করার অংগীকারবদ্ধ হইয়া থাকেন, তবে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে,

(ঝ) এই পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাহার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁহার চাকুরী নিয়ন্ত্রিত হইবে,

(ঞ) এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা / দৈনিক ভাতা পাইবেন না।

২। যদি উপরের শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য হয়, তাহা হইলে আগামী ২৮-০২-১৯৯১ ইং তারিখের মধ্যে সংস্থাপন / অর্থ / অভ্যন্তরীণ সম্পদ / তথ্য / ডাক ও টেলিযোগাযোগ / মৎস্য ও পশু সম্পদ রেলওয়ে / স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় / বিভাগ কর্তৃক নির্দেশিত কর্মস্থলে, আর উক্ত মন্ত্রণালয় বিভাগ হইতে কর্মস্থলে যোগদানের কোন নির্দেশ না পাইয়া থাকিলে উক্ত মন্ত্রণালয়ে / বিভাগে যোগদানের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করিলে তিনি চাকুরীতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া লওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। (ক) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)
পদের নাম : সহকারী কমিশনার (১)

| কমিশনের সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৪৭ | ডি১ - ১৪৫৫৩ | মোঃ কাজী নাজির হোসেন |

(খ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (নিরীক্ষা ও হিসাব)
পদের নাম : সহকারী মহা-হিসাব রক্ষক / একই যোগ্যতার সমমানের পদ (১)

| কমিশনের সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ২৫ | ডি১ - ১৭৪০৫ | মোঃ ওয়াদুদ হোসেন |

চলমান - ৩

তৃতীয় পাতা

(গ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস ( শুল্ক ও আবগারী )
পদের নাম : সহকারী কালেক্টর শুল্ক ও আবগারী ( ১ )

| কমিশনের সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৩ | ডি১ - ৭৬৯৬ | মোঃ মারুফুল ইসলাম |

(ঘ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস ( তথ্য ) সাধারণ
পদের নাম : তথ্য অফিসার ( ১ )

| কমিশনের সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১৩ | ডি১ - ১১৪০৭ | এ, এফ, এম, আমিনুল ইসলাম |

(ঙ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস ( টেলিযোগাযোগ )
পদের নাম : সহকারী প্রকৌশলী / সহকারী বিভাগীয় প্রকৌশলী ( ২ )

| কমিশনের সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১০ | ডি২ - ৯৩ | মোঃ রফিকুল মতিন |
| ১১ | ডি১ - ২৮৪৪ | মোঃ গোলাম সরওয়ার - ই - কায়নাত |

(চ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস ( পশু পালন )
পদের নাম : সহকারী পশু চিকিৎসক ( ১ )

| কমিশনের সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৪৮ | ডি১ - ২৭০০ | মোহাঃ ইসমাইল হক |

(ছ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস ( রেলপথ পরিবহন ও বানিজ্যিক )
পদের নাম : সহকারী ট্রাফিক সুপারিনটেনডেন্ট ( ১ )

| কমিশনের সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | ডি১ - ১৩০৮৭ | মোঃ সাইফুল ইসলাম |

চলমান -

চতুর্থ পাতা

(ঝ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস ( স্বাস্থ্য )
পদের নাম : সহকারী সার্জন ( ৮ )

| কমিশনের সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১০০ | ডিঃ - ২২৮৮ | মুহম্মদ আসাদুল হক |
| ১৩২ | আরঃ - ৪৫৩ | মোঃ মাকসুমুল হাকিম |
| ২১৩ | ডিঃ - ১১২২ | ডাঃ মোঃ খবির আহম্মদ |
| ২৪২ | ডিঃ - ১১৪৬ | ডাঃ মোঃ রফিকুল ইসলাম |
| ২৫৪ | ডিঃ - ৮৪ | মোঃ জামাল সালেহ উদ্দীন |
| ৩৫১ | ডিঃ - ১৩১৪ | এ,কে,এম, মোশাররফ হোসেন |
| ৪১৫ | সিঃ - ১৩৮ | আহসান রকিব |
| ৪৯৮ | ডিঃ - ১৭১১ | বিলকিস মাহমুদা |

পদের নাম : সহকারী ডেন্টাল সার্জন ( ৩ )

| কমিশনের সুপারিশের ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ২৬ | ডিঃ - ২৩৩১ | শরীফুল ইসলাম |
| ৩১ | ডিঃ - ২৩৫৫ | মোঃ সামসুজ্জামান |
| ৩৯ | আরঃ - ৬৩৫ | সুলতানা নাসরীন |

৪। এই নিয়োগ জনস্বার্থে করা হইল ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( মোঃ দিদারুল আহসান )
সিনিয়র সহকারী সচিব
ফোন নংঃ ৩৪৮৮৪ ।

নং : সম/নিনি/১-৬/৯০(অংশ-১)-১৫/১(৫০)

তারিখঃ ৩০ শে জানুয়ারী, ১৯৯১
১৬ ই মাঘ, ১৩৯৭ বাং

অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :-

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ।
২। মুখ্য সচিব, রাষ্ট্রপতির সচিবালয় ।
৩। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ, ঢাকা ।

চলমান - ৫

৪। সচিব, সংস্থাপন / অর্থ / অভ্যন্তরীণ সম্পদ / তথ্য / ডাক ও টেলিযোগাযোগ / মৎস্য ও পশুসম্পদ/ রেলওয়ে / স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় / বিভাগ । বি,সি,এস ( প্রশাসন ) / ( নিরীক্ষা ও হিসাব ) / ( শুল্ক ও আবগারী ) / ( তথ্য ) / ( টেলিযোগাযোগ ) / ( পশু পালন ) / ( রেলপথ পরিবহন ও বাণিজ্যিক ) / ( স্বাস্থ্য ) ক্যাডারের ১ / ১ / ১ / ১ / ২ / ১ /১ / ১১ জন নিয়োগপ্রাপ্ত প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ১ম বি,সি,এস,পরীক্ষা, ১৯৮৮-৮৯' র মূল আবেদনপত্র স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রত্যয়ণ প্রতিবেদন এতদসংগে প্রেরণ করা হইল। নিয়োগকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় ব্যতীত সরাসরি কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইলে এই নিয়োগ পত্রের ২ নং অনুচ্ছেদের সূত্রে প্রার্থীকে প্রার্থীকর্তৃক প্রদত্ত যোগাযোগের ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ রেজিষ্ট্রীকৃত ডাকযোগে যোগদানের তারিখের বেশ পূর্বে তাহা জানানোর জন্যে বিশেষভাবে অনুরোধ করা হইল, যাহাতে প্রার্থী তাঁহার ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়কর্তৃক নির্দেশিত কর্মস্থলে ২৮-০২-১৯৯১ ইং তারিখের মধ্যে যোগদান করিতে পারেন ।

৫। রেক্টর, পি, এ, টি, সি, সাভার, ঢাকা ।

৬। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা । তাঁহার পত্র নং: বাসককস/১ই-২৬/৮৭/অংশ-১ ( কনফি )/ ৩০২২ তারিখ: ১৪-০৬-১৯৯০ ইং / ৩০-০২-১৩৯৭ বাং উল্লেখ্য ।

৭। উপ-সচিব ( নব নিয়োগ ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ ), সংস্থাপন মন্ত্রণালয় ।

৮। উপ-সচিব ( সিআর/সিপি ), সংস্থাপন মন্ত্রণালয় ।

৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয় ।

১০। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা । তাঁহাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণের জন্য অনুরোধ করা হইল ।

১১। নিয়োগপ্রাপ্ত প্রত্যেক প্রার্থী ( প্রার্থী কর্তৃক প্রদত্ত যোগাযোগের ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ রেজিষ্ট্রীকৃত ডাকযোগে প্রেরিত ) নিম্নলিখিত নির্দেশাবলীর প্রতি তাহার দৃষ্টি আকর্ষণ করা হইল :-

(১) তাঁহার যোগদানের পর সংস্থাপন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র ( পিএসিসি ) একটি পরিচিতি নম্বর যথাসময়ে প্রদান করিবে । ভবিষ্যতে সরকারের সহিত সকল প্রকার যোগাযোগের ক্ষেত্রে এই নম্বরটি তাঁহার নামের সহিত অবশ্যই উল্লেখ করিতে হইবে ।

(২) অত্র নিয়োগপত্রের সংগে যে তিনটি পার্সোনেল ডাটা শীট ( পিডিএস) প্রেরণ করা হইল তাঁহাকে উহা ইংরেজীতে গোটা অক্ষরে পুরণ করিয়া উহার দুইটি অনুলিপি যোগদানপত্র গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে । অপর অনুলিপিটি তাঁহার নিকট থাকিবে ( ব্যক্তিগত ব্যবহারের জন্য ) । অনুরূপভাবে এতদসংগে প্রেরিত ওএসআর ফরম - ১ ও ওএসআর ফরম - ৩ দুই কপিতে পুরণ করিয়া সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের ডোসিয়ার হেফাজত কার্য শাখায় প্রেরণ নিশ্চিত করিবেন । অতিরিক্ত ওএসআর ফরমগুলি নিজের রেকর্ড হিসেবে রাখিয়া দিতে পারিবেন ।

চলমান - ৬

২১৫

পূর্ব পৃষ্ঠার পর :



(৩) তাঁহার ডোসিয়ার রেকর্ড হালনাগাদ রাখিবার লক্ষ্যে তাঁহার চাকুরী জীবন সংক্রান্ত সকল নূতন তথ্য ( পিডিএস এ বর্ণিত সকল তথ্যসহ ) নিয়মিতভাবে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের ডোসিয়ার / সিআরসিপি শাখায় এবং পিএসিসিতে প্রেরণ করিতে হইবে ।

(৪) তাঁহার চাকুরী জীবনে পিএসিসি এবং পরবর্তীতে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় / বিভাগ / দপ্তর যে সব নূতন তথ্য চাইবে বা তাঁহার জীবনে যে সব নূতন তথ্য সংযোজিত হইবে তাহা সময়মত জানাইতে হইবে । এই বিষয়ে শুদ্ধ হালনাগাদকৃত তথ্য যথাসময়ে পৌঁছাইতে ব্যর্থতা তাঁহাকে চাকুরীগত সুযোগ সুবিধা হইতে বঞ্চিত করিবে । এমনকি প্রয়োজনবোধে তাঁহার বিরুদ্ধে প্রচলিত সরকারী শৃংখলা বিধিমালা মোতাবেক কার্যক্রমও নেওয়া যাইতে পারে ।

( মোঃ দিদারুল আহসান )
সিনিয়র সহকারী সচিব ( নব নিয়োগ )
ফোন নং : ২৩৫১১১-১৯ / ৩৫৮৪ ( পিএবিএক্স ) ।

/এ, এইচ/